গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা অধিশাখা
www.cabinet.gov.bd

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সচিব এর দপ্তর
অতি: সচিব (প্রশাসন)
অতি: সচিব (উন্নয়ন)
অতি: সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)
অতি: সচিব (হাসপাতাল)
অতি: সচিব (বাজেট)
অতি: সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
অতি: সচিব (নার্সিং ও মিডওয়াইফারী)
অতি: সচিব (ঔষধ প্রশাসন ও আইন)
যুগ্মসচিব........
যুগ্মপ্রধান
একান্ত সচিব

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬
২৯ মে ২০১৯

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কে।

সূত্র: ১। মপবি-১২/১/৮৮-বিধি/২০৩, তারিখ ২০ জুলাই ১৯৮৮
২। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৫২, তারিখ ১ সেপ্টেম্বর ১৯৯০
৩। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৭, তারিখ ১০ এপ্রিল ১৯৯১

১। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর হতে বিমানযোগে গমন এবং প্রত্যাবর্তনের প্রাক্কালে বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং উচ্চ পদস্থ কর্মকর্তাদের জন্য ভিআইপি লাউঞ্জ সংরক্ষিত রাখা হয়েছে। 'Instructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport (Revised upto April 2010)'-অনুসারে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমান বন্দরে আগমন ও প্রত্যাগমনকালে তাঁদেরকে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য সর্বাধিক দুই জন দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশাধিকার দেওয়া হয়ে থাকে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে উপরোক্ত বিধি নিষেধ থাকা সত্ত্বেও প্রায়ই অতিরিক্ত লোকজন ভিআইপি লাউঞ্জে প্রবেশ করে অনাকাঙ্ক্ষিত পরিবেশের সৃষ্টি করছে। অন্যদিকে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন সব ব্যক্তিবর্গকে তা ব্যবহার করতে দেখা যাচ্ছে, যার ফলে বিমান বন্দরের সার্বিক নিরাপত্তা ও লাউঞ্জের সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে যা অনভিপ্রেত। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে জারিকৃত সূত্রোক্ত অফিস স্মারকসমূহ একীভূত করে এবং ক্ষেত্রবিশেষে আংশিক সংশোধনক্রমে নির্দেশক্রমে এ স্মারক জারি করা হলো।

২। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমানযোগে যাত্রা ও আগমনকালে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলি কঠোরভাবে অনুসরণ করতে হবে:

(ক) দুই জনের বেশী দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না এবং টারম্যাক এলাকায় কোন দর্শনার্থী প্রবেশ করতে পারবে না।

(খ) ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন ব্যক্তিবর্গ কর্তৃক ভিআইপি লাউঞ্জ ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।

(গ) দর্শনার্থীদের নাম, ঠিকানা ও পরিচয় পূর্বাহ্নে পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর-কে অবহিত করতে হবে।

(ঘ) ভিআইপি লাউঞ্জের স্বাভাবিক পরিবেশ, মর্যাদা ও নিরাপত্তা ক্ষুণ্ণ হতে পারে এমন কোন ব্যক্তিকে দর্শনার্থী হিসাবে ভিআইপি লাউঞ্জে প্রবেশ লাভের সুযোগ না দেওয়ার বিষয়ে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ নিশ্চিত করবেন।

৩। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ নিজ ভ্রমণ ব্যতিরেকে তাঁদের পিতা/মাতা/স্ত্রী/স্বামী/পুত্র/কন্যা/পুত্রবধু/জামাতাকে যাত্রী হিসাবে বিদায় ও অভ্যর্থনা জ্ঞাপনের সময় ভিআইপি লাউঞ্জ ব্যবহার করতে পারবেন।

৪। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এই নিয়মাবলি কঠোরভাবে কার্যকর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের আওতাধীন ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ/কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
অতিরিক্ত সচিব
(প্রশাসন ও সুরক্ষা সমন্বয়)
ডাইরী নং ....
তারিখ ....
উপসচিব (....)

স্বাক্ষরিত
(শফিউল আজিম)
যুগ্মসচিব (বিধি ও সেবা)
ফোন:৯৫৭৪৫৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন -১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৩.২০১৬-৯০৭

তারিখ: ১৯ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ
০৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১২। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(কাজী মাহবুবুল আলম)
উপসচিব

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৯ মে ২০১৯

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ..................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯/০৫/২০১৯

(মোছাঃ মোর্শেদা ফেরদৌস)
উপসচিব (মন্ত্রিসেবা)
ফোন: ৯৫৬০১২৬
E-mail : mss_sec@cabinet.gov.bd